# প্রয়োজনীয় কাগজপত্র না থাকায় মালয়েশিয়ায় ঢুকতে পারলেন না ৯৮ বাংলাদেশি



সংগৃহীত ছবি

বাংলাদেশ থেকে মালয়েশিয়া আসা ৯৮ নাগরিক কুয়ালালামপুর বিমানবন্দরে প্রবেশ করতে পারেননি। ভুয়া হোটেল বুকিং, ফেরার টিকিটের অভাব ও পর্যাপ্ত অর্থ প্রমাণ না করার কারণে তাদের 'নো টু ল্যান্ড' নোটিশ দেওয়া হয়েছে। মালয়েশিয়ার সীমান্ত সংস্থা এটিকে জাতীয় নিরাপত্তা ও সীমান্ত সুরক্ষার অংশ হিসেবে উল্লেখ করেছে।

মালয়েশিয়ার সীমান্ত নিয়ন্ত্রণ ও নিরাপত্তা সংস্থা (একেপিএস) শুক্রবার (১৫ আগস্ট) কুয়ালালামপুর আন্তর্জাতিক বিমানবন্দরের প্রথম টার্মিনালে রাত ১টা থেকে সকাল ৭টা ৩০ মিনিট পর্যন্ত অভিযান পরিচালনা করে। এ সময়ে ১৮১ যাত্রীর কাগজপত্র পরীক্ষা করা হয়।

পরীক্ষার পর দেখা যায়, ৯৮ বাংলাদেশি প্রয়োজনীয় ডকুমেন্টস প্রদর্শন করতে ব্যর্থ হন। তাদের মালয়েশিয়ায় প্রবেশের অনুমতি না দিয়ে 'নো টু ল্যান্ড' নোটিশ জারি করা হয়। সংস্থার বরাতে বলা হয়েছে, তারা ঢাকা থেকে ভোরের ফ্লাইটে এসে দিনে কড়া সীমান্ত পরীক্ষা এড়িয়ে প্রবেশের চেষ্টা করছিল।

আটক ব্যক্তিদের মধ্যে অনেকের ভুয়া হোটেল বুকিং ছিল, ফেরার টিকিট ছিল না এবং পর্যাপ্ত অর্থের প্রমাণ দিতে পারেননি। একেপিএস জানায়, তারা পর্যটন ভিসা ব্যবহার করে মালয়েশিয়ায় অবৈধভাবে কাজ বা থাকার পরিকল্পনা করেছিল।

সংস্থাটি সতর্ক করেছে, সীমান্তের সার্বভৌমত্ব রক্ষা এবং জাতীয় নিরাপত্তা শক্তিশালী করার জন্য এমন অভিযান ভবিষ্যতেও চালানো হবে।

সূত্র: বার্নামা

LENS ASIA